সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৪২৬

৪০/ কিয়ামত (كتاب صفة القيامة والرقائق والورع عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ হাশরের হাল।

بَابُ مَا جَاءَ فِي شَأْنِ الْحَشْرِ

আরবী

حَدَّثَنَا مَحْمُودُ بْنُ غَيْلاَنَ، حَدَّثَنَا أَبُو أَحْمَدَ الزُّبَيْرِيُّ، حَدَّثَنَا سُفْيَانُ، عَنِ الْمُغِيرَةِ بْنِ النُّعْمَانِ، عَنْ سَعِيدِ بْنِ جُبَيْرٍ، عَنِ ابْنِ عَبَّاسٍ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " يُحْشَرُ النَّاسُ يَوْمَ الْقِيَامَةِ حُفَاةً عُرَاةً غُرْلاً كَمَا خُلِقُوا ثُمَّ قَرَأَ (كَمَا بَدَأْنَا أَوَّلَ خَلْقٍ نُعِيدُهُ وَعْدًا عَلَيْنَا إِنَّا كُنَّا فَاعِلِينَ) وَأَوَّلُ مَنْ يُكْسَى مِنَ الْخَلاَئِقِ إِبْرَاهِيمُ وَيُؤْخَذُ مِنْ أَصْحَابِي بِرِجَالٍ ذَاتَ الْيَمِينِ وَذَاتَ الشِّمَالِ فَأَقُولُ يَا رَبِّ أَصْحَابِي . فَيُقَالُ إِنَّكَ لاَ تَدْرِي مَا أَحْدَثُوا بَعْدَكَ إِنَّهُمْ لَمْ يَزَالُوا مُرْتَدِّينَ عَلَى أَعْقَابِهِمْ مُنْذُ فَارَقْتَهُمْ . فَأَقُولُ كَمَا قَالَ الْعَبْدُ الصَّالِحُ: (إِنْ تُعَذِّبْهُمْ فَإِنَّهُمْ عِبَادُكَ وَإِنْ تَغْفِرْ لَهُمْ فَإِنَّكَ أَنْتَ الْعَزِيزُ الْحَكِيمُ) ".

বাংলা

২৪২৬. মাহমূদ ইবন গায়লান (রহঃ) ..... ইবনু আব্বাস রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ কিয়ামতের দিন খালি পা, খালি গা এবং খাতনাহীন অবস্থায় যেভাবে সৃষ্টি করা হয়েছিল তেমনিভাবে মানুষের হাশর হবে। এরপর তিনি পাঠ করলেনঃ

كَمَا بَدَأْنَا أَوَّلَ خَلْقٍ نُعِيدُهُ وَعْدًا عَلَيْنَا إِنَّا كُنَّا فَاعِلِينَ

যেভাবে আমি প্রথম সৃষ্টির সূচনা করেছিলাম সেভাবে পুনরায় সৃষ্টি করবো; ওয়াদা পালন আমার উপর ন্যস্ত, আমি তা পালন করবই। (আম্বিয়া ২১ঃ ১০৪)

সমস্ত সৃষ্টির মাঝে প্রথম ইবরাহীম (আঃ)-কে কাপড় পরানো হবে। আমার সঙ্গীদের কতক লোককে ধরে ডানে বামে নিয়ে যাওয়া হবে। আমি বলব, হে আমার রব, এরা তো আমার সঙ্গী। আমাকে তখন বলা হবে, আপনি জানেন না আপনার পর এরা কি যে বেদআত ঘটিয়েছে! যেদিন থেকে আপনি এদের থেকে পৃথক হয়েছেন সেদিন থেকেই এরা মুরতাদ হয়ে পশ্চাতে ফিরে যেতে থেকেছে। অনন্তর আমি আল্লাহর নেক বান্দা [ঈসা (আঃ)] এর মত বলবঃ

إِنْ تُعَذِّبْهُمْ فَإِنَّهُمْ عِبَادُكَ وَإِنْ تَغْفِرْ لَهُمْ فَإِنَّكَ أَنْتَ الْعَزِيزُ الْحَكِيمُ

আপনি যদি এদেরকে শাস্তি দেন তবে এরা তো আপনারই বান্দা, আর যদি এদের ক্ষমা করে দেন তবে আপনি তো পরাক্রমশালী, প্রজ্ঞাময়। (মাইদা ৫ঃ ১১৮)।

সহীহ, বুখারি ও মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ২৪২৩ [আল মাদানী প্রকাশনী]

মুহাম্মদ ইবন বাশশার ও মুহাম্মদ ইবন মুছান্না (রহঃ) ... মুগীরা ইবন নু’মান (রহঃ) থেকে অনুরূপ বর্ণিত আছে।

English

Ibn 'Abbas narrated that the Messenger of Allah (s.a.w) said:
"The people will be gathered on the Day of Resurrection bare-foot, naked and uncircumcised as they were created." Then he recited: "As we begin the first creation, we shall repeat it: A promise binding upon Us. Truly We shall do it. And the first of people to be clothed will be Ibrahim. Among my companions will be some men who are taken to the right and to the left. I will say: 'O my Lord! My companions!' It will be said: 'You do not know what they innovated after you, they continued to be apostates since you parted from them.' So I will say as the righteous worshipper said: If you punish them, they are your slaves, and if You forgive them, indeed You, only You are the Almighty, the All-Wise."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=37780

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন